

নম্বর: ৪১.০০.০০০০.০১৬.০০১.৫৭.১৩(অংশ-২).৯৩১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

### ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা এবং এর অধীন দপ্তর/সংস্থায় ০৪ (চার) মাস মেয়াদে ১২ (বারো) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদনপত্র আহ্বান করা হলো:

০১। ইন্টার্নশিপ স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ডেভেলপমেন্ট স্টাডিজ, উন্নয়ন অর্থনীতি, পপুলেশন সায়েন্স, সমাজতত্ত্ব, রাষ্ট্রবিজ্ঞান ও লোক প্রশাসন।

০২। আবেদনের যোগ্যতা:

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উপর্যুক্ত বিষয়সমূহে স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে এবং

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীনে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোন প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

[অ: পৃ: দ্র:]

- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে সমাজকল্যাণ মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন-কানুন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮ নভেম্বর ২০২৪ হতে ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে [https://docs.google.com/forms/d/1Lm\\_T684wmkEK0GQBi2ydIma\\_hzT5SIgmHOQq8mcwnl8/edit?usp=drivesdk](https://docs.google.com/forms/d/1Lm_T684wmkEK0GQBi2ydIma_hzT5SIgmHOQq8mcwnl8/edit?usp=drivesdk) লিংকে প্রবেশ করে আবেদন করতে হবে। নির্ধারিত স্থানে রঙিন ছবি ও স্বাক্ষর (ছবি: দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel ও স্বাক্ষর: দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) আপলোড করতে হবে।
- ১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করবে।

স্বাক্ষরিত/-

শম্পা কুন্ডু

উপসচিব

ফোন: ৫৫১০০৪৫৬

ই-মেইল: [sasadmin1@msw.gov.bd](mailto:sasadmin1@msw.gov.bd)